

একাদশ অধ্যায়: ধর্ম ও স্বদেশ প্রেম

প্রশ্ন-ক. সর্বজনীনতা কী? [প্রা.শি.স.প. '১৬, '১৫]

উত্তর: সর্বজনীনতা মানে সমঅধিকার ও সমমর্যাদা। বৌদ্ধধর্ম একটি সর্বজনীন ধর্ম।

প্রশ্ন-খ. দেশপ্রেম কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: নিজের দেশকে ভালোবাসাই হলো স্বদেশপ্রেম বা দেশপ্রেম।

প্রশ্ন-গ. তুমি কীভাবে মানুষের সাথে একত্রে সুখ-শান্তিতে থাকতে পারবে?

উত্তর: নিয়ম-কানুন পালনের মাধ্যমে।

প্রশ্ন-ঘ. তুমি উন্নয়ন ও সমৃদ্ধি অর্জন করতে চাও। কীভাবে করবে?

উত্তর: দায়িত্ব ও কর্তব্য পালনের মাধ্যমে।

প্রশ্ন-ঙ. তোমার জানা মতে, সাধারণ ও ধর্মীয় নীতি কোথায় প্রচলিত আছে?

উত্তর: সমাজজীবনে।

প্রশ্ন-চ. বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে গৌরব উজ্জ্বল অধ্যায় কোনটি?

উত্তর: বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে গৌরব উজ্জ্বল অধ্যায় হলো ১৯৭১ এর স্বাধীনতা সংগ্রাম।

প্রশ্ন-ছ. আত্মমর্যাদা কাকে বলে?

উত্তর: আত্মমর্যাদা বলতে নিজের বা স্বীয় মর্যাদাকে বোঝায়।

প্রশ্ন-জ. কোন দেশ বিশ্বে অসাম্প্রদায়িক দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে?

উত্তর: বাংলাদেশ বিশ্বে অসাম্প্রদায়িক দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে।